# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র (সৃজনশীল)

বিষয় কোড : | ২ | ৮ | ৬ |

**সময়: ২ ঘণ্টা ১০ মিনিট** — **পূর্ণমান: ৬০**

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]*

১. ▶ পথিক নামে একটি পরিবহন সংস্থা এদেশে প্রতিষ্ঠিত একটি ব্যবসায় প্রতিষ্ঠান। তাদের এ ব্যবসায়ের দুটি দিক বিদ্যমান। যাদের একটি হলো পণ্য পরিবহনে নিয়োজিত 'পথিক সার্ভিস' এবং অন্যটি যাত্রী পরিবহনের জন্য নিয়োজিত 'পথিক সেবা'।

ক. যন্ত্রের উৎপাদনশীলতা কী? ১

খ. উপযোগ বলতে কী বুঝায়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত 'পথিক সার্ভিস' কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'পথিক সার্ভিস' এবং 'পথিক সেবা' উভয়ই পরিবহনে নিয়োজিত থাকলেও দুটির প্রকৃতি ভিন্ন। উপযোগ সৃষ্টির দৃষ্টিকোণ হতে এ বক্তব্যের যথার্থতা মূল্যায়ন করো। ৪

২. ▶ সাধারণত আমাদের দেশের শ্রমিকের তুলনায় যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, জাপান, জার্মানি প্রভৃতি দেশের শ্রমিকের দক্ষতা বেশি। বিশ্বের সকল দেশেই দক্ষ শ্রমিক একটি মূল্যবান সম্পদ। শিক্ষার অভাব, যন্ত্রপাতির অভাব ইত্যাদি বিভিন্ন কারণে বাংলাদেশের শ্রমিকেরা কম দক্ষ হয়।

ক. শ্রমের দক্ষতা কী? ১

খ. শ্রমের যোগান বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২

গ. শ্রমের দক্ষতা কোন কোন বিষয়ের উপর নির্ভর করে সংক্ষেপে আলোচনা করো। ৩

ঘ. 'বাংলাদেশের শ্রমিকেরা কম দক্ষ'— উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

৩. ▶ জনাব সালাউদ্দিন আহমেদ লেখাপড়া শেষ করে আত্মকর্মসংস্থান এবং জনসেবায় অনুপ্রাণিত হয়ে স্বল্প মূলধন দিয়ে টাঙ্গাইল শহরে 'দ্যা সেন্টার ফর স্টাডি' নামে একটি কম্পিউটার ট্রেনিং সেন্টার এবং একটি সাইবার ক্যাফে স্থাপন করেন। পাশাপাশি তিনি স্পোকেন ইংলিশ কোর্সটি ও সংযুক্ত করেন ছাত্র-ছাত্রীদের ইংরেজি বিষয়ে দক্ষতা বাড়ানোর লক্ষ্যে। এককভাবে প্রতিষ্ঠান চালাতে হিমশিম খাওয়াতে তিনি জনাব রাসেলকে ব্যবস্থাপক হিসেবে গ্রহণ করেন। তথাপি ও ব্যবসায়ের সুবিধার পাশাপাশি তারা কতিপয় অসুবিধার সম্মুখীন হন।

ক. স্থির ব্যয় কাকে বলে? ১

খ. কাম্য উৎপাদন মাত্রা বলতে কী বোঝায়? ২

Teachingbd.com

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন ধরনের প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানের সুবিধাসমূহ বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানের বেশ কিছু সুবিধা থাকা সত্ত্বেও কিছু অসুবিধা বিদ্যমান। এ উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৪. ▶

| বৎসর | নামিক GNP | GNP ডিফ্লেটর |
|---|---|---|
| ২০১০ | ৫,০০০ কোটি | ১২০ |
| ২০১১ | ৫,৬০০ কোটি | ১৪০ |

ক. জাতীয় আয় পরিমাপের পদ্ধতিগুলো লিখ? ১

খ. হস্তান্তর ব্যয়ের নমুনা বলতে কী বোঝ? ২

গ. চলতি দামে মোট জাতীয় উৎপাদন ও স্থির দামে মোট জাতীয় উৎপাদনের মধ্যে পার্থক্য আলোচনা করো। ৩

ঘ. উপরের তথ্যের ভিত্তিতে ২০১০ সালের স্থির দামে ২০১১ সালের প্রকৃত GNP নির্ণয় করে দেখাও যে নামিক GNP অর্থনৈতিক কৃতিত্বের সঠিক পরিচায়ক নয়। ৪

৫. ▶ জনাব রেহমান ইমতিয়াজ Nokia Phone এর ব্র্যান্ড ম্যানেজার হিসেবে দীর্ঘ ১২ বছর যাবত কাজ করেছেন। প্রতি বছরই ব্যক্তিক ক্রেতার চাহিদার প্রতি লক্ষ্য রেখে গুণগতমান, স্থায়িত্ব, মডেল পরিবতন করে তিনি Nokia Phone কে বিশ্বের পরিচয় ও শীর্ষ ব্র্যান্ডে পরিণত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

ক. উৎপাদনশীলতা চ্যালেঞ্জ কী? ১

খ. কেন কাস্টমাইজেশন করা হয়? ২

গ. উদ্দীপকের উল্লেখিত ব্যক্তি কীভাবে মানসম্মত দ্রব্য উৎপাদনে ভূমিকা রাখেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যক্তিক ক্রেতার প্রয়োজন পূরণের জন্য কী করতে হয়? উদ্দীপকের আলোকে মূল্যায়ন করো। ৪

৬. ▶ জনাব কামাল একজন পোশাক ডিজাইনার। তিনি ভোক্তাদের চাহিদা ও রুচি বিবেচনা করে সর্বদা নিত্য নতুন পোশাক ডিজাইন করেন। তার ডিজাইনকৃত পোশাক ভোক্তাদের নিকট ব্যাপক জনপ্রিয়।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. পণ্য ডিজাইনের পর্যায়গুলো লিখ? ২

গ. জনাব কামালের ডিজাইনকৃত পোশাক এত জনপ্রিয় কেন— আলোচনা করো। ৩

Teachingbd.com

ঘ. উদ্দীপক কিভাবে ক্রেতাদের আকৃষ্ট করে বলে তুমি মনে করো। ৪

৭. ▶ জনাব সালমান সনামধন্য মিল ফুডের মালিক। তিনি মানসম্মত পণ্য বাজারজাত করেন। তাই BSTI থেকে মান সনদ গ্রহণের পাশাপাশি ISO থেকে মান সনদ গ্রহণ করেছেন। ফলে ক্রেতারা আস্থার সাথে সালমান ফুডের পণ্য ক্রয় ও ভোগ করে। ফলে তার বাজারজাতকরণ দেশীয় থেকে আন্তর্জাতিক পর্যায়ে পৌঁছেছে। তিনি একজন সফল উৎপাদনকারী ও বাজারজাতকারী হিসেবে রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে Commercially important Person (CIP) হিসেবে স্বীকৃতি পেয়েছেন।

ক. মান ব্যবস্থাপনা কী? ১

খ. BSTI এর কাজ কী? ২

গ. উদ্দীপকে উল্লেখিত সালমান ফুড BSTI ও ISO সনদ লাভের ফলে কী ধরনের সুবিধা ভোগ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ISO-9000 প্রকৃত পক্ষে কতটি সনদ দ্বারা গঠিত বলে তুমি মনে কর? তোমার পরামর্শ ব্যক্ত করো। ৪

৮. ▶ এবিসি কোম্পানি মেশিন দ্বারা প্রতিদিন ১০০০ একক উৎপাদন করা যায়। উক্ত প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা কর্মকর্তারা মনে করেন, যদি প্রতিদিন ৯০০ একক উৎপাদন করা হয় তবে দীর্ঘমেয়াদে লাভ করা সম্ভব। এ অবস্থায় প্রতিটি মেশিন দিয়ে গড়ে ৬০০ একক উৎপাদন করছে।

ক. উৎপাদন ক্ষমতা কী? ১

খ. পণ্য বৈচিত্রকরণ বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকের আলোকে এবিসি কোম্পানি সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা এবং কার্যকর উৎপাদন ক্ষমতা ব্যবহারের হার নির্ণয় করো। ৩

ঘ. এবিসি কোম্পানি নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কী ধরনের পদক্ষেপ গ্রহণ করতে পারে তা সম্পর্কে তোমার সুচিন্তিত মতামত ব্যক্ত করো। ৪

৯. ▶ বাংলাদেশের মুন্সীগঞ্জ জেলাতে প্রচুর আলুর চাষ হয়। মি: জাফর এ কথা বিবেচনা করে উক্ত জেলাতে একটি কোল্ড স্টোরেজ স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেন। তবে তিনি ভাবলেন কোল্ড স্টোরেজটি নদীর তীরে হওয়া উত্তম। তাই তিনি নদীর তীরে একটি জমি লিজ নিয়ে তার ব্যবসায়িক কার্যক্রম গ্রহণ করলেন।

ক. ব্যবসায়ের অবস্থান কী? ১

খ. ব্যবসায়ের শহুরে অবস্থান বলতে কী বোঝায়? ২

গ. কোন বিষয়টি বিবেচনা করে মি: জাফর উদ্দীপকে উল্লেখিত জেলাতে তার ব্যবসায় স্থাপনের সিদ্ধান্ত নিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'নদীর তীরে কোল্ড স্টোরেজটি স্থাপন করা অবশ্যই যুক্তিযুক্ত হয়েছে।' এ বক্তব্যের যথার্থতা মূল্যায়ন করো। ৪

http://teachingbd.com

**বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র (বহুনির্বাচনি)** বিষয় কোড : | 2 | 8 | 6 |

সময় : ৪০ মিনিট পূর্ণমান-৪০

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।

---

১. **ক্ষুদ্র শিল্পে শ্রমিক সংখ্যা কত?**
(ক) ১-২৪ (খ) ২৫-৯৯
(গ) ১০০-২৫০ (ঘ) ২৫০ এর বেশি

২. **শ্রমের বৈশিষ্ট্য কোনটি?**
(ক) মানবিক উপাদান (খ) সঞ্চয়ের ফল
(গ) সমন্বিত প্রচেষ্টা (ঘ) প্রকৃতির মৌলিক দান

৩. **মোট দেশজ উৎপাদনের সংক্ষিপ্ত রূপ কোনটি?**
(ক) GDP (খ) NDP (গ) GNP (ঘ) NNP

৪. **কোনটি জাতীয় আয় প্রকাশ করে?**
(ক) X (খ) Y (গ) C (ঘ) M

**উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. আকবর বিভিন্ন দিবস ও অনুষ্ঠানের বিষয়টি মাথায় রেখে নিম্ন আয়ের লোকদের জন্য পোশাক তৈরি করে রংপুরে বিক্রয় করেন। সম্প্রতি তিনি একই ধরনের পণ্য বিক্রয় করার জন্য ঢাকার বসুন্ধরা সিটিতে একটি শো-রুম খোলেন। তাতে প্রচুর লোক সমাগম হলেও ক্রেতার সংখ্যা সীমিত।

৫. **মি. আকবর কোন ধরনের পণ্য ডিজাইন করেন?**
(ক) ক্রিয়াগত (খ) রুচিসম্মত
(গ) উৎপাদন (ঘ) প্যাকেজিং

৬. **বর্তমান পরিস্থিতি এড়ানোর জন্য মি. আকবরের করণীয় ছিল —**
i. সম্ভাব্য ক্রেতাদের জীবন যাত্রার ধরন অনুধাবন
ii. পরীক্ষামূলকভাবে বিক্রয় সম্ভাবনা যাচাই
iii. উৎপাদনের পরিমাণ বাড়ানোর পদক্ষেপ গ্রহণ
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭. **Adam Smith এর The Wealth of Nations কত সালে প্রকাশিত হয়?**
(ক) ১৭৬৭ (খ) ১৭৭৪
(গ) ১৭৭৬ (ঘ) ১৭৮৬

৮. **কোনটি সেবার বৈশিষ্ট্য বহির্ভূত?**
(ক) অদৃশ্যমানতা (খ) অবিচ্ছেদ্যতা
(গ) নশ্বরতা (ঘ) সাদৃশ্যতা

৯. **পণ্য ডিজাইন প্রধানত কত প্রকারের?**
(ক) ৩ (খ) ৪ (গ) ৫ (ঘ) ৬

১০. **কোনটি কার্যকর ব্যবহার নির্ণয়ের সূত্র?**
(ক) $\frac{\text{গড় আউটপুট}}{\text{সর্বোচ্চ ক্ষমতা}} \times ১০০$
(খ) $\frac{\text{গড় আউটপুট হার}}{\text{কার্যকর ক্ষমতা}} \times ১০০$
(গ) (ঘন্টা×শিফট)×(শিফট×দিন)×(দিন×সপ্তাহ)
(ঘ) $\frac{\text{সর্বোচ্চ আউটপুট হার}}{\text{সর্বোচ্চ ক্ষমতা}} \times ১০০$

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
আরেফিন ফেব্রিকস প্রতিমাসে বিভিন্ন উপকরণ ব্যবহার করে ২০,০০০ একক পোশাক উৎপাদন করে। কিন্তু প্রতিষ্ঠানটি প্রতি মাসে ৩০,০০০ একক উৎপাদন সক্ষম। এ কারণে ব্যবস্থাপনা পক্ষ চিন্তিত হয়ে পড়েছে।

১১. **উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির উৎপাদন ক্ষমতার ব্যবহার কত?**
(ক) ৬০% (খ) ৭০% (গ) ৬৬.৬৭% (ঘ) ৮০%

১২. **আরেফিন ফেব্রিকসের চিন্তা লাঘবে করণীয় হলো—**
i. অব্যবহৃত ক্ষমতা ইজারা দেওয়া
ii. উৎপাদন ক্ষমতা স্থায়ীভাবে হ্রাস করা
iii. অধিক উৎপাদন করে মজুদ করে রাখা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৩. **ওয়ারেন্টি ব্যয় কোন ধরনের ব্যয়?**
(ক) প্রতিরোধ ব্যয় (খ) মূল্যায়ন ব্যয়
(গ) অভ্যন্তরীণ ব্যর্থতার ব্যয়
(ঘ) বাহ্যিক ব্যর্থতার ব্যয়

১৪. **ব্যবসায়ের গ্রাম্য অবস্থানের সুবিধা কোনটি?**
(ক) প্রশিক্ষণ সুযোগ (খ) উন্নত যোগাযোগ
(গ) সহজ বিপণন (ঘ) কম শ্রম ঘূর্ণায়মানতা

১৫. **কাজের ধারাবাহিকা অনুযায়ী বিভাগ সাজানো হয় কোন ক্ষেত্রে?**
(ক) প্রক্রিয়া (খ) স্থির
(গ) পণ্য (ঘ) খুচরা বিক্রয়কেন্দ্র

১৬. **একটি বস্ত্রকলে উৎপাদিত বস্ত্র যেমন উন্নতমানের, তেমনি পরিবেশ বান্ধব। এর ফলে—**
i. মানুষের জীবনযাত্রার মান বৃদ্ধি পাচ্ছে
ii. উৎপাদিত পণ্যের চাহিদা বৃদ্ধি পাচ্ছে
iii. উৎপাদনশীলতা বৃদ্ধি পাচ্ছে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৭. **দর্জির দোকানের শ্রমবিভাগ কোন ধরনের শ্রমবিভাগ?**
(ক) সরল (খ) সম্পূর্ণ প্রক্রিয়াভিত্তিক
(গ) অসম্পূর্ণ প্রক্রিয়াভিত্তিক (ঘ) আঞ্চলিক

**উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. তুরিন একটি গাড়ি কিনতে চান যাতে GPS সিস্টেম, রিমোট কন্ট্রোল ডোর এবং টপ কভার রিমোভেবল সুবিধা থাকবে। জাহান অটোমোবাইল নামক একটি কোম্পানি তাতে সম্মত হয়। অপরদিকে জেনিন কোম্পানি এসব সুবিধা ছাড়াও বিক্রয়োত্তর ৩ বছর খুচরা যন্ত্রাংশ সরবরাহ ও মেরামতের নিশ্চয়তা দেয়। ফলে, মি. তুরিন দ্বিতীয় কোম্পানির গাড়ি ক্রয়ের সিদ্ধান্ত নিলেন।

১৮. **উদ্দীপকে বর্ণিত বিক্রয় পদ্ধতিতে কী বলে?**
(ক) মান সম্পন্ন (খ) আউটপুট ভিত্তিক
(গ) কাস্টমাইজেশন (ঘ) ক্রিয়াগত

১৯. **গাড়ি ক্রয়ের সিদ্ধান্ত নিতে গিয়ে মি. তুরিন যে বিষয় বিবেচনা করেছেন তা হলো—**
i. উৎপাদন ব্যবস্থাপনা ii. মান ব্যবস্থাপনা
iii. বিপণন ব্যবস্থাপনা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. **পরিবর্তনশীল ব্যয়ের ক্ষেত্রে ব্যয় সংকোচ ধারণাটি কেন অকার্যকর?**
(ক) একক প্রতি পরিবর্তনশীল ব্যয় স্থির থাকে
(খ) একক প্রতি পরিবর্তনশীল ব্যয় বৃদ্ধি পায়
(গ) অসমহারে পরিবর্তনশীল ব্যয়ের হ্রাস-বৃদ্ধি ঘটে
(ঘ) পরিবর্তনশীল ব্যয় উৎপাদন ব্যয়ে প্রভাব রাখে না

**উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।**
জুনায়েদ চৌধুরী ব্যাংক ঋণ নিয়ে লিচু উৎপাদন করেন। তার উৎপাদিত লিচু বিক্রয়ের উদ্দেশ্যে ঢাকায় নিয়ে গেলে দোকান না পাওয়ার কারণে এক সেখানকার এক ব্যবসায়ীর কাছে কম মূল্যে বিক্রি করে দেন। তিনি ব্যবসায় নিয়ে খুবই চিন্তিত।

http://teachingbd.com

২১. উদ্দীপকে উৎপাদনের কোন উপাদানটির অভাব পরিলক্ষিত হয়েছে?
ক) ভূমি খ) শ্রম গ) মূলধন ঘ) সংগঠন

২২. জুনায়েদ চৌধুরীর চিন্তা লাঘবে করণীয় হলো—
i. উন্নত গুদামজাতকরণ ব্যবস্থা গ্রহণ
ii. দ্রুততম পরিবহন ব্যবস্থা গ্রহণ
iii. বন্টন প্রণালি সংকোচন
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. সংরক্ষিত অর্থনীতিতে মোট জাতীয় উৎপাদন সমান কোনটি?
ক) মোট দেশজ উৎপাদন খ) নিট দেশজ উৎপাদন
গ) মাথাপিছু আয় ঘ) নিট জাতীয় উৎপাদন

২৪. বিদেশ থেকে প্রাপ্ত মোট অর্থ মোট দেশজ আয়ের সাথে যুক্ত হলে তাকে কী বলে?
ক) মোট অভ্যন্তরীণ আয় খ) মাথাপিছু আয়
গ) নিট জাতীয় আয় ঘ) মোট জাতীয় আয়

২৫. বাজারে পণ্য সরবরাহ কাম্য পর্যায়ে রাখতে উৎপাদন ব্যবস্থাপকের করণীয় হলো—
i. উৎপাদন নিয়ন্ত্রণ করা ii. মান নিয়ন্ত্রণ করা
iii. মওজুদ নিয়ন্ত্রণ করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৬. বর্তমান প্রতিযোগিতামূলক ব্যবসায় জগতে টিকে থাকতে হলে গুরুত্ব দিতে হবে—
ক) সময়মত সরবরাহের উপর
খ) সময়মত উৎপাদনের উপর
গ) সঞ্চয়ের পর
ঘ) মান ব্যবস্থাপনার ওপর

২৭. কোন ধরনের উৎপাদন ক্ষমতার মিতব্যয়িতার সাথে উৎপাদন করা যায়?
ক) সর্বোচ্চ খ) প্রকৌশলগত
গ) কার্যকর ঘ) প্রকৃত

২৮. মজুরি বৃদ্ধির ফলে শ্রমের যোগান—
ক) অবশ্যই বৃদ্ধি পাবে খ) বৃদ্ধি পেতে পারে
গ) অপরিবর্তিত থাকবে ঘ) হ্রাস পাবে

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**
'শিমুল ফ্যাশনস' কয়েক বছর ধরে বিদেশ থেকে সুতো কিনে এনে পোশাক তৈরি করে। এটি ২০১৪ সালে রেকর্ড ৮০,০০০ পোশাক তৈরি করে। প্রতিষ্ঠানটিতে ৪,০০০ ঘন্টা শ্রম ব্যয় হয়েছে যার মূল্য ২০,০০০ টাকা। ২০১৩ সালে শ্রমের উৎপাদনশীলতা ছিল ২৫।

২৯. 'শিমুল ফ্যাশনস' কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?
ক) রূপগত খ) স্বত্বগত
গ) সেবাগত ঘ) সময়গত

৩০. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির শ্রম ব্যবস্থাপনা নিয়ে তোমার মত কোনটি?
ক) শ্রমকে কার্যকরভাবে ব্যবহার করতে ব্যর্থ হয়েছে
খ) শ্রমের বর্তমান উৎপাদনশীলতা ধরে রাখা প্রয়োজন
গ) বৃহৎ প্রতিষ্ঠানে শ্রমের উৎপাদনশীলতা বিবেচ্য নয়
ঘ) উৎপাদনশীলতা বৃদ্ধি করতে হলে উৎপাদনের পরিমাণ কমাতে হবে।

৩১. বাংলাদেশে গার্মেন্টিস শিল্প গড়ে ওঠার প্রধান কারণ কোনটি?
ক) অনুকূল জলবায়ু
খ) কাঁচামালের সহজপ্রাপ্যতা
গ) জ্বালানির সহজ প্রাপ্যতা
ঘ) শ্রমিকের সহজপ্রাপ্যতা

৩২. সেতু নির্মাণে কোনটি উপযুক্ত বিন্যাস?
ক) প্রক্রিয়া খ) স্থির
গ) পণ্য ঘ) অফিস

৩৩. একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের হস্তচালিত পদ্ধতির পরিবর্তে কম্পিউটার পদ্ধতির প্রবর্তন কোন ডিজাইনের উদাহরণ?
ক) ক্রিয়াগত খ) রুচিসম্মত
গ) উৎপাদন ঘ) প্যাকেজিং

৩৪. আবুল বাশারের জানুয়ারি মাসে ৫,০০০ একক উৎপাদিত একক প্রতি ব্যয় ১০ টাকা। পরের মাসে ৬,০০০ একক উৎপাদন করায় একক প্রতি মূল্য ৯ টাকায় নেমে আসে। বিষয়টি উৎপাদনের কোন মাত্রাকে নির্দেশ করে?
ক) কাম্য উৎপাদন মাত্রা
খ) মিতব্যয়ী উৎপাদন মাত্রা
গ) অমিতব্যয়ী উৎপাদন মাত্রা
ঘ) সর্বোচ্চ উৎপাদন মাত্রা

**উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।**
মাইলস্টোন কোম্পানি কানাডার একটি কোম্পানি। নিজ দেশের কর্মী নিয়োগ দিয়ে প্রতিষ্ঠানটি বাংলাদেশের ইপিজেড এ উৎপাদন করে।

৩৫. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির আয় বাংলাদেশের সামষ্টিক অর্থনীতিতে কোথায় যুক্ত হবে?
ক) মোট দেশজ উৎপাদন খ) নিট দেশজ উৎপাদন
গ) মোট জাতীয় উৎপাদন ঘ) নিট জাতীয় উৎপাদন

৩৬. মাইলস্টোন কোম্পানির কর্মীদের আয় দ্বারা কানাডার অর্থনীতি যেভাবে প্রভাবিত হবে—
i. মোট জাতীয় উৎপাদন বৃদ্ধি করবে
ii. আন্তর্জাতিক মহলের দৃষ্টি আকর্ষণ করবে
iii. মাথাপিছু আয় বৃদ্ধি করবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩৭. উৎপাদনশীলতা বাড়লে শ্রমিকের কোনটি বৃদ্ধি পায়?
ক) শ্রম খ) মজুরি গ) সম্মান ঘ) উৎপাদন

৩৮. ISO-14000 কীসের সাথে সম্পর্কিত?
ক) মান প্রতিষ্ঠা খ) মান উন্নয়ন
গ) মান নিয়ন্ত্রণ ঘ) পরিবেশ

**উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. ফয়সাল একটি প্রতিষ্ঠানের উৎপাদন ব্যবস্থাপক। তিনি প্রতিষ্ঠানের জন্য এমন একটি বিন্যাস প্রবর্তন করেন যাতে কাজের ধারাবাহিকতা অনুযায়ী সমজাতীয় পণ্য বারবার উৎপাদনে গতিশীলতা বৃদ্ধি পায়।

৩৯. মি. ফয়সাল কোন ধরনের বিন্যাস প্রবর্তন করেছেন?
ক) প্রক্রিয়া খ) স্থির গ) পণ্য ঘ) সেবা

৪০. সার্বিক মান ব্যবস্থাপনার দর্শন বহির্ভূত কোনটি?
ক) ক্রেতা সন্তুষ্টি খ) কর্মী সংশ্লিষ্টতা
গ) বেঞ্চমার্কিং ঘ) ধারাবাহিক উন্নয়ন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ক | ৩ | ক | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | গ | ২০ | ক |
| | ২১ | ক | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | খ | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | গ |

http://teachingbd.com